গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৫৫২.২০২৫- ১১২৫ তারিখ: ১৮/০৭/২০২৬ খ্রি.

**বিষয়: বাংলাদেশ প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা ও সমন্বিত সেবা নিশ্চিতকরণ সংক্রান্ত প্রতিবন্ধী অধিকার ও সেবা সুরক্ষা বিষয়ক স্টিয়ারিং কমিটির প্রথম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বেসরকারি মাধ্যমিক-১ শাখার স্মারক-৩৭.০০.০০০০.০৭২.৯৯.০১৩.২৬-১২৬; তারিখ: ২১ জুন ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বেসরকারি মাধ্যমিক-১ শাখা হতে বাংলাদেশ প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা ও সমন্বিত সেবা নিশ্চিতকরণ সংক্রান্ত 'প্রতিবন্ধী অধিকার ও সেবা সুরক্ষা' বিষয়ক স্টিয়ারিং কমিটির প্রথম সভার কার্যবিবরণী'র সিদ্ধান্ত প্রেরণ করা হয়েছে। উক্ত সভার ক্রমিক নং-৯ এ "সকল পাবলিক প্লেসের (রেল, বাস টার্মিনাল ইত্যাদি) টয়লেটসহ সর্বত্র প্রতিবন্ধীদের ব্যবহার/প্রবেশের সুব্যবস্থা রাখতে হবে। এছাড়া সকল স্কুলে প্রতিবন্ধীদের ব্যবহারের জন্য অন্তত: একটি টয়লেটের ব্যবস্থা রাখতে হবে" মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, বেসরকারি এমপিওভুক্ত ও নন-এমপিওভুক্ত সকল স্কুলে প্রতিবন্ধীদের ব্যবহারের জন্য অন্তত: একটি টয়লেটের ব্যবস্থা রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এস এম মোসলেম উদ্দিন)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
☎ ৪১০৫০১১৮

বিতরণ:
১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ............................................................

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. পরিচালক (কলেজ ও সাধারণ প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৪. জেলা শিক্ষা অফিসার, সকল;
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা);
৭. সভাপতি, ব্যবস্থাপনা কমিটি/গভর্নিং বডি,............................;
৮. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৯. সংরক্ষ নথি।

CamScanner